মিত্রদের অনুরোধে ইরানে নতুন হামলা বন্ধ রেখেছি: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

উপসাগরীয় মিত্র দেশগুলোর অনুরোধে ইরানে বড় ধরনের নতুন হামলা আপাতত চালাচ্ছেন না বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে তাঁর দাবি, সিদ্ধান্ত নিলে মাত্র তিন দিনের মধ্যেই দেশটির জ্বালানি অবকাঠামো, সেতু ও উৎপাদন কারখানা ধ্বংস করা সম্ভব।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) হোয়াইট হাউসে মার্কিন সাংবাদিক স্টিফেন এ. স্মিথকে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইন বর্তমান পরিস্থিতি বজায় রাখার পক্ষে। এসব দেশের অনুরোধেই আপাতত সামরিক ও অর্থনৈতিক চাপ অব্যাহত রেখেছেন তিনি।

মিত্রদের অনুরোধ না থাকলে ইরানে আরও হামলা চালাতেন কি না, এমন প্রশ্নে ট্রাম্প বলেন, ‘হ্যাঁ, আমি চালাতাম।’ তিনি আরও দাবি করেন, চাইলে এখনই যুদ্ধের সমাপ্তি ঘটাতে পারেন।

ইরানের জ্বালানি অবকাঠামো ও সেতুতে এখনো বড় ধরনের হামলা চালানো হয়নি উল্লেখ করে ট্রাম্প বলেন, এক দিনের মধ্যেই দেশটির জ্বালানি খাত ও সেতুগুলো ধ্বংস করা সম্ভব। উৎপাদন সক্ষমতা নিশ্চিহ্ন করতেও তাঁর তিন দিনের বেশি সময় লাগবে না।

যুদ্ধের কারণে জ্বালানি তেলের দাম বেড়ে যাওয়ায় মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানরা ক্ষতিগ্রস্ত হয়েছে বলেও স্বীকার করেন ট্রাম্প। তবে এর পরও ইরানে সামরিক পদক্ষেপের পক্ষে নিজের অবস্থান বজায় রাখেন তিনি।